

## 2804 - হজ্জের পরিচয়

---

### প্রশ্ন

হজ্জ বলতে কী বুঝায়?

### প্রিয় উত্তর

নুসুক পালনের উদ্দেশ্যে কাবা শরিফ তথা বায়তুল্লাহে হারাম গমন করাকে হজ্জ বলা হয়। নুসুক হচ্ছে- এমন কিছু কথা ও কাজ যা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হজ্জের বিবরণে এসেছে। যেমন- বায়তুল্লাহর চারদিকে সাত চক্র তওয়াফ (প্রদক্ষিণ), সাফা ও মারওয়া নামক পাহাড়দ্বয়ের মাঝে প্রদক্ষিণ, আরার ময়দানে অবস্থান, মীনার জমরাতগুলোতে কংকর নিক্ষেপ ইত্যাদি। হজ্জের মধ্যে বান্দার জন্য প্রভূত কল্যাণ রয়েছে। যেমন আল্লাহর একত্ববাদের ঘোষণা দেয়া, গুনাহ মাফ পাওয়া, মুসলমানদের সাথে পরিচিত হওয়া, দ্বীনি হুকুম-আহকামশেখা ইত্যাদি।

প্রিয় কিশোর বন্ধু, তুমি বয়সে ছোট হয়েও এবং কানাডার মত দূরবর্তী দেশে অবস্থান করেও হজ্জ সম্পর্কে তোমার জিজ্ঞাসা প্রশংসনীয় ও উৎসাহব্যঞ্জক। আমরা আল্লাহর নিকট প্রার্থনা করছি তিনি যেন তোমাকে তাঁর ঘরের হজ্জ আদায় করার তাওফিক দেন, ফরজ ইবাদত পালন করার সামর্থ্য দেন। আমাদের নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক।